গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাগুরা

প্রোগ্রামার এর দপ্তর

...

---

| | |
|---|---|
| সভাপতি | ড. আশরাফুল আলম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১২.০৯.২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১:৩০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই প্রযুক্তি নির্ভর সমাজ গড়ে তোলার লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের তথ্য-প্রযুক্তি তথা কম্পিউটার জ্ঞান আহরণের অপরিহার্যতা সম্পর্কে আলোচনা করা হয়। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার, মাগুরা কমিটির সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন এবং সবাইকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। সদস্যগণ এ বিষয়ে তাদের গৃহীত কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১.পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:** সভাপতির সম্মতিক্রমে প্রোগ্রামার,মাগুরা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। | ১. কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্মসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়। | |
| **২. ডিজিটাল কনটেন্ট:**ডিজিটাল কনটেন্ট উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এম এম সি তে নবন্ধিত নয় সে সকল প্রতিষ্ঠেনের নিবন্ধনের বিষয়ে আলোচনা হয়। | ২.১. নিয়মিত অনলাইনে ক্লাশ পরিচালনা ও অনলাইন এমএসসি সিস্টেমে তথ্য আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.২। অনলাইনের ডিজিটাল কনটেন্ট ব্যবহারের ক্ষেত্রে মানসম্মত কনটেন্ট ব্যবহার করতে হবে।<br>২.৩। সকল শিক্ষা প্রতিস্ঠান কে এম এম সি তে নিবন্ধন এর উদ্যেগ গ্রহণ করতে হবে। | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| **৩. ই-সেবা কার্যক্রম:** মাগুরা জেলার জেলা পর্যায়ের ৩৯ টি দপ্তর নথি সিস্টেমে লাইভে আছে। জেলা/উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে লাইভে নিয়ে আসার বিষয়ে আলোচনা করা হয় কিন্তু বর্তমানে ই-নথি সিস্টেমে লাইভে প্রদান বন্ধ থাকায় সকল অফিস কে লাইভে নিয়ে আসা সম্ভব হচ্ছে না। | ৩.১. উপজেলা পর্যায়ে ই-নথি সিস্টেম বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২. জেলা পর্যায়ে সকল দপ্তরে নথি সিস্টেমের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩.৩। ই-নথি সিস্টেমে লাইভে প্রদান কার্যক্রম চালু হলে সকল দপ্তরকে লাইভ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), প্রোগ্রামার, মাগুরা ও স্ব স্ব দপ্তর পধান। |
| **৪. ওয়েব পোর্টাল:**জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল বিষয়ে আলোচনা করা হয়। A2I, আইসিটি ডিভিশন থেকে একটি পত্র প্রদান করা হয়েছে যে, সকল দপ্তরের পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে এবং পাসওয়ার্ড টি শক্তিশালী পাসওয়ার্ড হতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.১। জেলা পর্যায়ের সকল দপ্তরকে জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৪.৩। সকল দপ্তরকে পাসওয়ার্ড ও সাইট এডমিন আইডিতে ইমেইল সংযোজন করার জন্য পত্র প্রদান করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার, মাগুরা, স্ব স্ব দপ্তর প্রধান। |

| | | |
|---|---|---|
| **৫.আউটসোর্সিং/ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ:** বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃক বাস্তবায়নাধীন শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্পের আওতায় আয়োজিত আইটি/আইটিইএস বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি চালু রয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে ১২৫০ জন প্রশিক্ষনার্থির প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। | ৫.১ ফ্রিল্যান্সিং / বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) / প্রোগ্রামার, মাগুরা এর সাথে সমন্বময় করতে হবে।<br>৫.৩।প্রশিক্ষনার্থিরা অনলাইনে আয় করতে পারছে কিনা তা মনিটরিং করতে হবে। | সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্প। |
| **৬।শেখ রাসেল ডিজিটাল ল্যাব:** প্রোগ্রামার, মাগুরা পূর্বে স্থাপিত ৩৮ টি নতুন স্থাপিত ৩০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ০২ টি স্কুল অফ ভিউচারের বর্তমান অবস্থা বিস্তারিত তুলে ধরেন। ধোয়াইল আদর্শ মাঃ বিদ্যালয়ের ল্যাব থেকে ০২ টি ল্যাপটপ হারিয়ে যায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৬.১। নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শনও ল্যাবগুলো অধিকতর কার্যকর করতে হবে।<br>৬.৩। শিক্ষা মন্ত্রনালয় ল্যাব নীতিমালা ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নির্দেশনা অনুযায়ী ল্যাব পরিচালনা করতে হবে।<br>৬.৩। ধোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের হারিয়ে যাওয়া ল্যাপটপ বিনা ব্যর্থতায় পুনঃউদ্ধার/সমমানের ল্যাপটপ ক্রয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহাম্মদপুর, মাগুরা নির্দিষ্ট সময় ও তারিখ উল্লেখ করে ধোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয় কে পত্র প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৬.৪। সহকারী প্রোগ্রামার,মহাম্মদপুর, মাগুরা উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে ধোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয় স্বশরীরে পরিদর্শন করে ল্যাপটপ প্রতিস্থাপনের বিষয় টি সংশ্লিষ্ট সকল কে অবহিত করবেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল) , জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, প্রধান শিক্ষক, শেখ রাসেলডিজিটাল৪ল্যাব |
| **৭। আইসিটি অবকাঠামোগত কার্যক্রম:** মাগুরা জেলাতে ইনফো-সরকার ২ প্রকল্পের আওতায় ১৭৪ টি সরকারি দপ্তরে ইন্টারনেট কানেকশন প্রদান করা হয়। জেলা প্রশিক্ষণ কর্মকর্তা জানান জেলা কৃষি দপ্তরে ইনফো-সরকার ০২ প্রকল্পের কোন ইন্টারনেট সংযোগ নেই। এ বিষয়ে আলোচনা করা হয়। সদর উপজেলার ইউনিয়ন পরিষদে বিটিসিএল কর্তৃক স্থাপিত ইন্টারনেট কানেকশন বিষয়ে আলোচনা করা হয়। বিটিসিএল প্রতিনিধি জানান সদর উপজেলার সকল ইউনিয়নের জন্য একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করে ইউনিয়ন পরিষদ কে অবহিত করা হয়েছে। | ৭.১ ইনফো-সরকার-২ প্রকল্পের আওতায় সকল দপ্তরের ইন্টারনেট কানেকশন দ্রুত সচল রাখতে হবে।<br>৭.২। ইনফো-সরকার-২, ইনফো সরকার-৩ প্রকল্পের আওতায় ইন্টারনেট কানেকশন সংক্রান্ত কোন অভিযোগ পেলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭.৩। ইনফো-সরকার ০২ প্রকল্পের ইন্টারনেট সংযোগের বর্তমান অবস্থার তথ্য সংগ্রহের জন্য একটি ফর্ম ডিজাইন করে সকল দপ্তরকে পত্র প্রদান করতে হবে।<br><br>৭.৪। বিটিসিএল কর্তৃক সদর উপজেলার সকল ইউনিয়ন পরিষদের ইন্টারনেট সেবা প্রদান করতে হবে। | সামিট কমিনিকেশন লিঃ, ফরিদপুর শাখা, উজ্জ্বল দত্ত, স্টার ক্যাবলস লিঃ, প্রোগ্রামার, মাগুরা, সহঃ ম্যানেজার, বিটিসিএল |

| | | |
|---|---|---|
| **৮। শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার:** সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার মাগুরা জানান ইতোমধ্যে শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার এর মূল ভবন – ৮৫%, ক্যান্টিন – ৭০%, বিদ্যুৎ এর সাবস্টেশন-৭৫% কার্যক্রম সম্পন্ন হয়েছে। | ৮.১। সকল কার্যক্রম নিয়মানুযায়ী পরিচালনাসহ জেলা প্রশাসক, মাগুরা মহোদয়কে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী প্রোগ্রামার,শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার |
| **০৯। আইসিটি ইনোভেশন:** জেলাপ্রশাসক, মাগুরা মহোদয় আইসিটি সংক্রান্ত ইনোভেশনের উপর জোর গুরুত্ব আরোপ করেন। মাগুরা জেলাধীন সরকারী/ বেসরকারী বিভিন্ন দপ্তর, সংস্থা / ব্যক্তি পর্যায়ে আইসিটি ইনোভেশন গ্রহণ করার ব্যাপারে আলোচনা করা হয়। ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-২০২২ সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। | ৯.১।ডিজিটাল এপয়েন্টমেন্ট, কমপ্লেইন্টম্যানেজমেন্ট এবং কুইক সার্ভিস ডেলিভারি পয়েন্ট”ইনোভেশনটি মনিটরিং করতে হবে।<br>৯.২।ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-২০২২ এর বিজ্ঞাপন সকল দপ্তরে প্রেরণ ও আবেদন সংক্রান্ত সহয়তা করতে হবে<br>৯.৩। জেলা আইসিটি কমিটিতেশিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত প্রেজেন্টেশনটি মান সম্মত শিক্ষা সভায় প্রতিস্থাপিত করতে হবে। | স্ব স্ব দপ্তর/ সংস্থা প্রধান |
| **১০।সুরক্ষা APPs সংক্রান্ত:** জেলা প্রশাসক, মাগুরা মহোদয় কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কতৃক তৈরীকৃত “সুরক্ষা” Apps/ ওয়েবসাইট (www.surrukkha.gov.bd) ব্যবহার করে নিবন্ধন করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। (০৫-১১) বছরের বাচ্চাদের টিকা প্রদানের পূর্বে রেজিঃ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>এছাড়া টিকা গ্রহণকারী ব্যক্তিদের সার্ভারে বিদ্যমান থাকা ভূল তথ্য উপযুক্ত প্রমাণক থাকা শর্তে সংশোধন করা বিষয়ে আলোচনা করা হয়। | ১০.১। কোভিড -১৯ টিকার নিবন্ধনের জন্য“ সুরক্ষা” apps/ ওয়েব সাইট (www.surrukkha.gov.bd) ব্যবহার করতে হবে।<br>১০.২। (০৫-১১) বছরের বাচ্চাদের টিকা গ্রহণের পূর্বে নিবন্ধন করতে হবে।<br>১০.৩। টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক জমা প্রদান শর্তে ভুলথাকা তথ্য সংশোধন করতে হবে। | স্ব স্ব দপ্তর/ সংস্থা প্রধান/ প্রোগ্রামার, মাগুরা |
| **১১। জেলা ব্রান্ডিং সংক্রান্ত:** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাগুরা মহোদয় জেলা ব্রান্ডিং এর প্রচার-প্রচারণা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।<br>প্রোগ্রামার, মাগুরা জানানজেলা ব্রান্ডিং বুক” জাতীয় তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। | ১১.১। মাগুরা জেলার ব্রান্ডিং সকল পণ্যের সোশ্যাল মিডিয়া ও জাতীয় তথ্য বাতায়নে প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাগুরা, প্রোগ্রামার,মাগুরা, সহঃ প্রোগ্রামার (সকল),মাগুরা |
| **১২। শেখ রাসেল পদক ২০২২:** প্রোগ্রামার, মাগুরা জানান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ০৮ জুন ২০২২ খ্রিঃ তারিখ শেখ রাসেল পদক ২০২২ এর জন্য আবেদন আহবান করা হয়েছিল।মাগুরা জেলা থেকে ২৩ টি আবেদন জমা হয়েছে। | ১২.১। শেখ রাসেল পদক ২০২২ বিষয়ে আপডেট তথ্য সকল কে অবহিত করতে হবে। | প্রোগ্রামার, মাগুরা |
| **১৩। শেখ রাসেল কুইজ প্রতিযোগিতাঃ** প্রোগ্রামার, মাগুরা জানান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল দিবস উপলক্ষে শেখ রাসেল কুইজ প্রতিযোগিতা ২০২২ আয়োজন করা হয়েছে। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কে অংশগ্রহণের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | ১৩.১। সকল শিক্ষা প্রতিষ্ঠান কে শেখ রাসেল কুইজ প্রতিযোগিতা ২০২২ এ অংশ গ্রহণের জন্য পত্র প্রদান করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাগুরা, প্রোগ্রামার,মাগুরা, সহঃ প্রোগ্রামার (সকল),মাগুরা |

| | | |
|---|---|---|
| **১৪।বিবিধ:** ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বর্তমান অবস্থা বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া অনুপস্থিত সকল সদস্য কে জেলা আইসিটি কমিটির মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | ১৩.১। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয় বৃদ্ধির জন্য সহযোগিতা করতে হবে।<br>১৩.২। ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সম্মানিত নাগরিকগণ যাতে সঠিক সেবা সঠিক মূল্যে ও সঠিক সময়ে পায় সে ব্যাপারে মনিটরিং করতে হবে।<br>১.৩.২। সভাপতি মহোদয় সকল নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ করেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা অফিসার ), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, প্রোগ্রামার, মাগুরা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. আশরাফুল আলম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৫০০.০০০.০৬.০০১.২০.২৬

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মাননীয় সংসদ সদস্য, মাগুরা - ১
২) মাননীয় সংসদ সদস্য , মাগুরা - ২
৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।
৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার (১০ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।
৫) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাগুরা
৭) ------------------------------------কর্মকর্তা, মাগুরা
৮) প্রধান শিক্ষক/অধ্যক্ষ,.......................................,শেখ রাসেল ডিজিটাল ল্যাব।

মোঃ আবুল কাসেম পলাশ
প্রোগ্রামার